

الْغِنَى

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৮৮ তম নাম 'الْغِنَى' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'الْغِنَى' শব্দের মূল غ - ن - ی , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭৩ বার এসেছে। স্বয়ংসম্পূর্ণ, প্রকৃত ধনী, ধনী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْغِنَى অর্থ: 'তিনি স্বয়ংসম্পূর্ণ প্রকৃত ধনী'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

هَا أَنْتُمْ هَؤُلَاءِ تَدْعُونَ لِنُتَفِقُوا فِي سَبِيلِ اللَّهِ فَمِنْكُمْ مَنْ يَبْخُلُ وَمَنْ يَبْخُلْ فَإِنَّمَا يَبْخُلُ
عَنْ نَفْسِهِ وَاللَّهُ الْغَنِيُّ وَأَنْتُمُ الْفُقَرَاءُ وَإِنْ تَتَوَلَّوْا يَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ ثُمَّ لَا يَكُونُوا
أَمْثَالَكُمْ ﴿٣٨﴾

হ্যাঁ, তোমরাইতো তারা, যাদের আল্লাহর পথে ব্যয় করতে ডাকা হচ্ছে, অথচ তোমাদের কেউ কেউ বখিলি করছে। যারা বখিলি করে তারা তো বখিলি করে নিজেদের প্রতিই। আল্লাহ প্রাচুর্যশীল আর তোমরা হলে অভাবী। তোমরা যদি মুখ ফিরিয়ে নাও, তিনি তোমাদের বদলে অন্য লোকদেরকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন, তারা তোমাদের মত হবে না। (সূরা মুহাম্মদ: আয়াত নং ৩৮)

الَّذِينَ يَبْخُلُونَ وَيَأْمُرُونَ النَّاسَ بِالْبُخْلِ وَمَنْ يَتَوَلَّ فَإِنَّ اللَّهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ﴿٢٤﴾

যারা বখিলি করে এবং মানুষকে বখিলি করার আদেশ করে এবং যারা মুখ ফিরিয়ে নেয়, তারা জেনে রাখুক, আল্লাহ অভাবমুক্ত, সপ্রশংসিত। (সূরা আল হাদিদ: আয়াত নং ২৪)

বোখারী শরীফের হাদীস:

অনেক সম্পদ থাকাটাই ধনাঢ্যতা নয়। মনের মহত্ব বড়ত্বই প্রকৃত ধনাঢ্যতা।

বুখারী শরীফের হাদীস:

তোমাদের কেউ যদি রশি দিয়ে বেঁধে এক বোঝা কাঠ পিঠে করে এনে বাজারে বিক্রি করে জীবিকা উপার্জন করে, আল্লাহ তার মুখমন্ডল রক্ষা করবেন। এটা তার জন্য অন্যের কাছে হাত পাতার চেয়েও অনেক ভালো। কারণ যার কাছে হাত পাতবে সে দিতেও পারে, নাও দিতে পারে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আল্লাহ যে অবস্থায় রাখেন সে অবস্থায় সন্তুষ্ট থাকাই হলো তাকওয়ার লক্ষণ। কষ্ট করে হালাল উপার্জন, হারাম উপার্জনের চেয়ে অনেক ভালো। সৎ ভাবে যে আয় করার ব্যবস্থা আল্লাহ করে দিয়েছেন, তা থেকেই যতটা সম্ভব আল্লাহর পথে নিজ পরিবার, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশি ও অভাবীদের জন্য ব্যয় করতে আল্লাহর নির্দেশ দিয়েছেন।

আল্লাহ আমাদেরকে বখিলিপনা থেকে মুক্ত রেখে শিরকমুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা।